

নং-১৩.০০.০০০০.০২২.৩৩.০৬৯.৯১-২২২

তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪২৫ ব:
০৪ জুন, ২০১৮ খ্রি:

প্রেরকঃ মোহাম্মদ হেলাল উদ্দিন
উপসচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ জনাব মোঃ আব্দুল হালিম, প্রাক্তন অতিরিক্ত মহাপরিচালক (চ:দা:), খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্র: খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০২৮.১৭-৩২৬ তারিখ: ২২/০৫/২০১৮ খ্রি:।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আব্দুল হালিম, প্রাক্তন অতিরিক্ত মহাপরিচালক (চ:দা:), খাদ্য অধিদপ্তর, ঢাকা-এ মন্ত্রণালয়ের ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখের ৩৭৯ নং প্রজ্ঞাপন মূলে বিগত ২৩/০৭/২০১৭ খ্রিঃ হতে ২২/০৭/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। সে প্রেক্ষিতে তিনি পেনশন ফরম ২.১ পূরণপূর্বক তার প্রাপ্য মাসিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে জনাব মোঃ আব্দুল হালিম-এর বিরুদ্ধে কোন অভ্যন্তরীণ ও বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি বা সরকারি কোন পাওনা না থাকায় তাঁর প্রাপ্য মাসিক নীট পেনশন ও আনুতোষিক এর মঞ্জুরি নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে জ্ঞাপন করছিঃ

- (ক) তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন;
- (খ) খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি যে পরিমাণ আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
- ২। জনাব মোঃ আব্দুল হালিম এর প্রাপ্য আনুতোষিক বাবদ ৭০,৮৫,৬১০/- (সত্তর লাখ পঁচাত্তর হাজার ছয়শত দশ টাকা) ও মাসিক নীট পেনশন বাবদ ৩০,৮০৭/- (ত্রিশ হাজার আটশত সাত টাকা) প্রদানের জন্য পিপিও বহিঃ জারি করে এই মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।
- ৪। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১ (এক) কপি
(খ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১ (এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই.এল.পি.সি) (সংযোজনী-১)	১ (এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	১ (এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষনাপত্র (সংযোজনী-২)	১ (এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও অশুলির ছাপ (সংযোজনী-৬)	১ (এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	১ (এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১ (এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার পিআরএল আদেশ	১ (এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব


ফোন: ৯৫৪০১১২
sasestabadmin@mofood.gov.bd

তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪২৫ ব:
৪ জুন, ২০১৮ খ্রি:

নং-১৩.০০.০০০০.০২২.৩৩.০৬৯.৯১-২২২/১(৭)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৩-৪। পরিচালক(প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ।
- ৬। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়-মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৭। জনাব মোঃ আব্দুল হালিম, প্রাক্তন অতিরিক্ত মহাপরিচালক (চ:দা:), খাদ্য অধিদপ্তর, ঢাকা; (বর্তমান ঠিকানা: ফ্লাট-এ-৭, ২৫/ই গ্রীন রোড, ঢাকা-১২০৫।


(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব